গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ২৬ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আসাদুল ইসলাম, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
তারিখ ও সময়ঃ ২৬ নভেম্বর ২০১৭, বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থানঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতিঃ সংলগ্নী 'ক'।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারী/২০১৮ তারিখ সারাদেশের সকল জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। যুগ্ম-সচিব (সমন্বয়) সভায় গত ১৪-০৯-১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত ভিডিও কনফারেন্সের সিদ্ধান্তসমূহ সকলকে অবহিত করেন (কপি সংযুক্ত)। সভাপতি জানান যে, উন্নয়ন মেলাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উল্লেখযোগ্য ১০টি উদ্যোগ ব্রান্ডিংকে সামনে রেখে স্টল সাজানোসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে। সভায় উপস্থিত দপ্তর/সংস্থার প্রধান প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব দপ্তর কর্তৃক বিগত উন্নয়ন মেলায় গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করেন। অতঃপর মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের উপরোক্ত বিষয়ের উপর আলোচনা ও উত্থাপিত মতামতের ভিত্তিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারী/২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য জেলা ও উপজেলা পর্যায়ের উন্নয়ন মেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অংশগ্রহণ করবে।	ডিজি, যুব উন্নয়ন অধিদপ্তর/ বিকেএসপি, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ/ বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
২।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় সংশ্লিষ্ট জেলা ও উপজেলা কমিটির সমন্বয়ে স্টল/প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে।	
৩।	জেলা/উপজেলার প্রতিটি স্টলে বর্তমান সরকারের সময়কালে যুব ও ক্রীড়া উন্নয়নের সাফল্য নিয়ে ফেস্টুন/ব্যানার/ডকুমেন্টরী প্রদর্শন/উপস্থাপন করতে হবে।	
৪।	সকল জেলা ও উপজেলা পর্যায় পর্যন্ত জাতীয় ক্রীড়া পরিষদ/ক্রীড়া পরিদপ্তর/বিকেএসপির অফিস কার্যক্রম বিস্তৃত নয় বিধায় জেলা ও উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের স্টলে উক্ত দপ্তরগুলোর ক্রীড়া বিষয়ক তথ্য/ফেস্টুন/ব্যানার/লিফলেট/ডকুমেন্টরী প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে।	
৫।	(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম জেলা ও উপজেলা পর্যায় পর্যন্ত বিস্তৃত বিধায় জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের স্টল/প্রদর্শনীর ব্যবস্থা থাকবে। (খ) স্টলে যুব উন্নয়ন অধিদপ্তরের উপকারভোগীদের উৎপাদিত পণ্যের প্রদর্শণী থাকবে এবং বিভিন্ন হাতের কাজ যেমন ব্লক বাটিক/স্কীন প্রিন্ট/ শো-পিস তৈরী ইত্যাদি তাৎক্ষণিকভাবে প্রস্তুত করে দেখানোর ব্যবস্থা থাকবে। (গ) বর্তমান সরকারের সময়ে যুব উন্নয়নে গৃহীত বিভিন্ন উদ্যোগ ও অর্জিত সাফল্যের তথ্য ব্যানার/লিফলেট/ব্রোশিয়ার/ডকুমেন্টরী আকারে উপস্থাপন করতে হবে। (ঘ) অধিদপ্তরের চলমান বিভিন্ন প্রশিক্ষণ ও ঋণ কর্মসূচির স্থির ও ভিডিও চিত্র প্রদর্শনের ব্যবস্থা থাকবে। (ঙ) যুব উন্নয়ন অধিদপ্তরের ৭টি মোবাইল ভ্যান কম্পিউটার প্রশিক্ষণ প্রদর্শনের জন্য জেলার মেলা প্রাংগনে উপস্থিত থাকবে। (চ) জেলা/উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় বায়োগ্যাস প্লান্ট ডেমোনেষ্ট্রেশন করতে হবে। IMPACT এবং TECUYB প্রকল্পের বিষয়ে ডকুমেন্টরী প্রস্তুত করে মেলায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ডিজি,যুব উন্নয়ন অধিদপ্তর

	(ছ) স্থানীয় পুরস্কারপ্রাপ্ত যুব/আত্মকর্মী তৈরীর সাফল্যগাঁথা এবং উদ্যোক্তা তৈরীর ডকুমেন্টরী স্টলে প্রদর্শন করতে হবে। (জ) জনগণকে ন্যাশনাল সার্ভিস কার্যক্রম সম্পর্কে অবহিত করার লক্ষ্যে এর সকল তথ্য/পরিসংখ্যান (সঞ্চিত অর্থ ফেরত প্রদানের তথ্যসহ) সকল জেলা/উপজেলায় স্টলে লিফলেট আকারে উপস্থাপন করতে হবে এবং ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর বিষয়ে ডকুমেন্টরী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঝ) যুব সংগঠনগুলো নিবন্ধন করে নিবন্ধন সংক্রান্ত তথ্যাদি লিফলেট আকারে জেলা/ উপজেলা পর্যায়ের মেলায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মেলায় যুব সংগঠন নিবন্ধন করার কার্যক্রম গ্রহণ করার ব্যবস্থা রাখতে হবে। (ঞ) যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা উপপরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ স্থানীয় যুব প্রতিনিধিদের সাথে মতবিনিময় করে উন্নয়ন মেলায় আর কি কি বিষয় অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (ট) মেলা চলাকালে উপজেলা পর্যায়ে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বিষয়ে একটি সেমিনারের আয়োজন করতে হবে।	
৬।	(ক) জাতীয় ক্রীড়া পরিষদ উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণের তথ্যাদি, মিনি স্টেডিয়ামের দৃশ্যমান স্থিরচিত্র মেলার সকল উপজেলা স্টলে প্রদর্শনের ব্যবস্থা করবে। ডিসেম্বর ২০১৭ এর মধ্যে কমপক্ষে ৫০টি উপজেলা মিনি স্টেডিয়ামের অবকাঠামো নির্মাণ সম্পন্ন করে এর ভিডিও চিত্র/ডকুমেন্টরী প্রস্তুত পূর্বক জেলা/উপজেলা পর্যায়ে মেলায় প্রর্দশনের ব্যবস্থা করতে হবে। (খ) জাতীয় ক্রীড়া পরিষদ জেলা/উপজেলা পর্যায়ে মেলা প্রাংগনে উল্লেখযোগ্য খেলা/কসরত প্রদর্শনের নিমিত্তে যোগ্য স্থানীয় খেলোয়াড় নির্বাচনপূর্বক কসরত প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া মেলা চলাকালে জনাব আব্দুল হালিমের ফুটবলের উপর বিশেষ নৈপূন্য প্রদর্শন (মাগুরা জেলা ব্যতিত তাঁর সুবিধাজনক অন্য ৩টি জেলায়), রোলার স্কেটিং, তায়কোয়ানডো, কারাতে, জুডো, শরীরগঠন প্রদর্শনসহ, সাইক্লিং (র‍্যালি), ক্রিকেট, ফুটবল, শুটিং, আরচারী, ভলিবল, বাস্কেটবল, হ্যান্ডবল, এ্যাথলেটিক্স, সাঁতার, হকি ইত্যাদি খেলার আয়োজন (ফেডারেশনকে সম্পৃক্ত করে) করতে হবে। উক্ত খেলাসমূহ আয়োজন করার জন্য যুগ্মসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট ফেডারেশনসমূহকে পত্র প্রদানের মাধ্যমে অনুরোধ জানাবেন। (গ) মেলা চলাকালে উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম কার্যক্রমের বিষয়ে সেমিনার আয়োজন করতে হবে।	যুগ্মসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ
৭।	ক) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমের উপর নির্মিত ডকুমেন্টরী যুব উন্নয়ন অধিদপ্তরের সকল জেলা ও উপজেলার মেলা স্টলে প্রদর্শন করতে হবে। খ) বিকেএসপি'র তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ, প্রশিক্ষণ কার্যক্রমের তথ্যাদি সম্বলিত লিফলেট সকল জেলা/উপজেলা স্টলে প্রদর্শনের/বিতরণের ব্যবস্থা করতে হবে। গ) বিকেএসপি'র সকল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের নিকটবর্তী মেলার স্টলে আগ্রহী তরুণ তরুণী/খেলোয়াড়দের বিকেএসপি'র কোচদের মাধ্যমে ক্রিকেট, ফুটবল খেলার কলা-কৌশল বিষয়ে টিপস প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ) বিকেএসপি'র ভর্তি সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদি, ভর্তি ফরম, লিফলেট সকল জেলা/উপজেলায় মেলার স্টলে প্রদর্শন/বিতরণের ব্যবস্থা করতে হবে। ঙ) মেলা চলাকালে বিকেএসপি'র মহাপরিচালক, পরিচালক, উপপরিচালক পর্যায়ের কর্মকর্তাগণ মেলার কার্যক্রম সরজমিনে ভিজিট করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে।	ডিজি, যুব উন্নয়ন অধিদপ্তর/ বিকেএসপি

৮।	ক্রীড়া পরিদপ্তর জেলা ক্রীড়া কর্মকর্তাদের ম্যাধ্যমে উন্নয়ন মেলা উপলক্ষে দেশের ৪৯১টি উপজেলায় কমপক্ষে একটি খেলা (যেমনঃ সাতার, মিনি ম্যারাথন, ফুটবল, ক্রিকেট, হকি, কারাতে, ভলিবল, হ্যান্ডবল, এ্যাথলেটিক্স, সাইক্লিং (র‍্যালী) রোলার ১১১২স্কেটিং, আর্চারী, শূটিং, মোরগ লড়াই, লাঠি খেলা ইত্যাদি) আয়োজন করবে। জাতীয় ক্রীড়া পরিষদ (ফেডারেশন, জেলা/উপজেলা ক্রীড়া সংস্থার ম্যাধ্যমে), বিকেএসপি উক্ত খেলা আয়োজনে ক্রীড়া পরিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।	ডিজি, বিকেএসপি, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ
৯।	অস্বচ্ছল ক্রীড়াবিদগণ আর্থিক অনুদানের আবেদন অনলাইনে (www.bkkf.org.bd) দাখিল করতে পারবে, - এ তথ্যটি বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যান ফাউন্ডেশন সকল জেলা/উপজেলার উন্নয়ন মেলায় প্রচার করার ব্যবস্থা গ্রহণ করবে।	সচিব,বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ডিজি, যুব উন্নয়ন অধিদপ্তর,
১০।	আগামী ২৪ ডিসেম্বর ২০১৭ মধ্যে সকল দপ্তর/সংস্থা মেলা উপলক্ষে তাদের স্ব স্ব দপ্তরের বিস্তারিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করবে।	ডিজি, যুব উন্নয়ন অধিদপ্তর/ বিকেএসপি, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ/বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন,

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২৯-১১-২০১৭
মোঃ আসাদুল ইসলাম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.০৩১.০৫২.২০১০-৪৫২

তারিখ ঃ১৫-০৮-১৪২৪ বঙ্গাব্দ
২৯-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

গত ২৬-১১-২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

২৯-১১-১৭

(এস.এম. তারিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৮১২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন)/(সমন্বয়)/(যুব)/(যুব-১)/(ক্রীড়া)/(ক্রীড়া-২ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। সচিব,বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন,জাতীয় ক্রীড়া পরিষদ,৬২/৩,পুরানা পল্টন,ঢাকা।
৭। উপ-সচিব (সমন্বয়)/(প্রশাসন)/(ক্রীড়া)/(যুব)/উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব............/সহকারী সচিব.............../সহকারী প্রধান................, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪৩.০৩১.০৫২.২০১০-৪৫২

তারিখ ঃ ২৯-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

২৯-১১-১৭

(এস.এম. তারিকুল ইসলাম)
সহকারী সচিব